

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১০৫

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রুকূতে যেতে ও রুকূ থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الْافْتِتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرِ ذَلِكَ ، وَاخْتِلَافِ الرَّوَايَات

আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرٍ الْأَدَمِيُّ أَحْمَدُ بْنُ مُحَمَّد بْنِ إِسْمَاعِيلَ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّد بْنِ أَبِي لَيْلَى ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ ، عَنْ عَبْدِ الْمَخْرَمِيُّ ، نَا عَلِيُّ بْنُ عَاصِمٍ ، نَا مُحَمَّدُ بْنُ أَبِي لَيْلَى ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي زِيَادٍ ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ ، قَالَ : " رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ حِينَ قَامَ إِلَى الصَّلَاةِ ، فَكَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى سَاوَى بِهِمَا أُذُنيْهِ ، ثُمَّ لَمْ عَدُ " قَالَ عَلِيٌّ : فَلَمَّا قَدِمْتُ الْكُوفَةَ قِيلَ لِي : إِنَّ يَزِيدَ حَيٍّ ، فَأَتَيْتُهُ فَحَدَّتَنِي بِهِذَا الْحَدِيثِ يَعُدُ " قَالَ عَلِيٌّ : فَلَمَّا قَدِمْتُ الْكُوفَةَ قِيلَ لِي : إِنَّ يَزِيدَ حَيٍّ ، فَأَتَيْتُهُ فَحَدَّتَنِي بِهِذَا الْحَدِيثِ ، فَقَالَ : " رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ . . فَقَالَ : " رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ . . فَقَالَ : " رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ . . مَنَ الْبَرَاءِ ، قَالَ : " رَأَيْتُ رَسُولَ اللَّهِ _ . . مَنَّ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ حِينَ قَامَ إِلَى الصَّلَاةِ فَكَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى سَاوَى بِهِمَا أَذُنَيْهِ " فَقَالَ : مَا أَخْفَظُ هَذَا ، فَعَاوَدُتُهُ ، فَقَالَ : مَا أَحْفَظُ هَذَا ، فَعَاوَدُتُهُ ، فَقَالَ : مَا أَحْفَظُ هَذَا ، فَعَاوَدُتُهُ ، فَقَالَ : مَا أَحْفَظُ هَذَا ، فَعَاوَدُتُهُ ، فَقَالَ : مَا أَحْفَظُهُ هَذَا ، فَعَاوَدُتُهُ ،

বাংলা

১১০৫(২৪). আবু বাকর আল-আদমী আহমাদ ইবনে মুহাম্মাদ ইবনে ইসমাঈল (রহঃ) ... আল-বারাআ ইবনে আযেব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামকে দেখেছি যে, তিনি যখন নামায শুরু করতেন তখন তাকবীর (তাহরীমা) বলতেন এবং তাঁর দুই হাত উত্তোলন করতেন, এমনকি তা নিজের উভয় কান বরাবর উন্নীত করতেন। অতঃপর (অন্যত্র) তিনি এর পুনরাবৃত্তি করতেন না। আলী ইবনে আসেম (রহঃ) বলেন, আমি কৃফায় আগমন করলে আমাকে বলা হলো, ইয়াযীদ (রহঃ) জীবিত আছেন। অতএব আমি তার নিকট গোলাম এবং তিনি আমাকে এই হাদীস শুনালেন। তিনি বললেন, আবদুর রহমান ইবনে আবু লায়লা (রহঃ) আল-বারাআ (রাঃ) থেকে হাদীস বর্ণনা করেন। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি



ওয়াসাল্লাম-কে দেখেছি, তিনি যখন নামায শুরু করতেন তখন তাকবীর (তাহরীমা) বলতেন এবং নিজের হস্তদ্বয় উপরে উত্তোলন করতেন, এমনকি তা তাঁর উভয় কান বরাবর উন্নীত করতেন। আমি তাকে বললাম, আমাকে ইবনে আবু লায়লা অবহিত করেছেন যে, আপনি বলেছেন, "অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তার পুনরাবৃত্তি করতেন না। তিনি বলেন, আমি এই কথাটুকু স্মৃতিতে ধারণ করে রাখতে পারিনি। আমি পুনরায় বললে তিনিও বলেন, আমি তা সংরক্ষণ করতে পারিনি।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন